কবিতা/গল্প



লেখা পাঠানোর ঠিকানা-
eiyugkagojernouka@gmail.com

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ

EI YUG

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 21 NOVEMBER 2026,SATURDAY | ২১ নভেম্বর ২০২৬,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-341

আকভান ঘূর্ণিঝড়ের সম্ভাব্য মোকাবিলায় নবান্নে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২০ নভেম্বর : আবহাওয়া দপ্তরের পুর্বাভাস অনুসারে শুক্রবার ঘূর্ণিঝড় আকভান এর আছড়ে পড়ার কথা। ঘূর্ণিঝড় আকভান এর সম্ভাব্য মোকাবিলায় শুক্রবার নবান্নে এক গুরুত্বপূর্ণ বৈঠক করেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগন। এর পাশাপাশি মুখ্যমন্ত্রী আকভানের সম্ভাব্য ক্ষয়ক্ষতি ও তার মোকাবিলায় জেলা প্রশাসনিক কর্তাদের সাথে ভার্চুয়াল বৈঠক করেন। মুখ্যমন্ত্রীর দপ্তর সূত্রে জানা গেছে এই বৈঠকে দূর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি ,সাধারন মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করা ,প্রয়োজনীয় ত্রান ও উদ্ধারকার্যের ব্যবস্থা এবং প্রতিটি পরিস্থিতিতে দ্রুত প্রশাসনিক পদক্ষেপ গ্রহন সহ সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি রক্ষা করাকেই সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি সর্বক্ষন পরিস্থিতির ওপর নজর রাখা হচ্ছে। যে কোনও জরুরী পরিস্থিতি মোকাবিলায় প্রশাসনকে সর্বতোভাবে প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন ঘূর্ণিঝড় আকভানের মোকাবিলায় রাজ্য সরকার সদা সতর্ক ও সম্পূর্ণ প্রস্তুত।

শিলিগুড়ি পৌর নিগমের আয় বাড়াতে প্রস্তুত করা হচ্ছে নতুন গাইড লাইন, বললেন পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ২০ নভেম্বর : শিলিগুড়ি পৌর নিগমের আয় বাড়াতে তৎপর হলেন শিলিগুড়ির বিধায়ক তথা রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ । শুক্রবার তিনি সাংবাদিকদের জানান লক্ষ্য করা গিয়েছে বেশীরভাগ সময় পৌর নিগমের সম্পত্তি যেমন স্টেডিয়াম, মাঠ ভবন প্রভৃতি অনেকেই বিনামুল্যে ব্যবহার করতে চায়। সরকারি সম্পত্তি এভাবে ফ্রি তে ব্যবহার করতে দেওয়া ঠিক নয়। পৌর নিগম চালাতে অর্থের প্রয়োজন, পৌর নিগমের টাকা ছাপানোর ক্ষমতা নেই তাই পৌর নিগমের নিজস্ব তহবিল বাড়ানো আবশ্যক। তিনি আরও জানান পৌর নিগমের সম্পত্তি ব্যবহারের জন্য ফ্রি তে দেওয়া যাবেনা। এটা নিয়ন্ত্রণের জন্য একটা নির্দেশিকা বা গাইড লাইন প্রস্তুত করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে । সকলের সহযোগিতা ও পরামর্শেই এই গাইড লাইন তৈরি করা হবে বলেও জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

শিলিগুড়ির গান্ধী ময়দানে উদ্ধার মর্টার শেল ,চাঞ্চল্য এলাকায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি , ২০ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন ভক্তিনগর থানার অন্তর্গত গান্ধী ময়দানের পাশ থেকে শুক্রবার উদ্ধার হয় মর্টার শেল। জানা গেছে এদিন দুপুরে স্থানীয় কয়েকজন ব্যক্তি ময়দানের পাশের জঙ্গলে সন্দেহভাজন বস্তুটি দেখতে পেয়ে ভক্তিনগর থানায় খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ভক্তিনগর থানার পুলিশ। তারা বস্তুটিকে দেখে জানায় এটি একটি মর্টার শেল। উপস্থিত পুলিশ কর্মীরা খবর দেয় সেনাবাহিনীর শিলিগুড়ি দপ্তরে। খবর পেয়ে সেনাবাহিনীর স্পেশাল বম্ব স্কোয়াডের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে আড়াই ঘন্টার চেষ্টায় মর্টার শেলটি কে নিরাপদে অন্যত্র সরিয়ে নিয়ে যায়। মর্টার শেলটি সরিয়ে নিয়ে যাওয়ায় স্বস্তি ফেরে এলাকায় । পুলিশের অনুমান বছর দুই আগে তিস্তার ভয়াবহ বন্যায় সেনা শিবির থেকে মর্টার শেলটি নদী লাগোয়া কোনো স্থানে ভেসে এসেছিলো । পরে সেটি হয়তো কেউ তুলে এনে এখানে ফেলেছে। সমস্ত দিক খতিয়ে দেখছে পুলিশ।

ডুয়ার্সের রানী ভুটানের পথে ? জল্পনা তুঙ্গে ,পাহারায় পাঁচটি কুনকি হাতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ নভেম্বর : ফের ভুটানের উদ্দেশ্যে রওনা দিয়েছে ডুয়ার্স রানী! বিশেষ সূত্রে এমনটাই জানা গেছে। বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল ছেড়ে সে ধীরে ধীরে পাহাড়ের পথে এগোচ্ছে বলে খবর। যদিও এ নিয়ে বনদপ্তরের কোনো আধিকারিক এখনও পর্যন্ত কোনো মন্তব্য করতে চাননি।সূত্রের খবর, গত কয়েকদিন ধরেই বক্সার গভীর জঙ্গলে ঘোরাফেরা করছিল ডুয়ার্স রানী। হঠাৎই সে উত্তর দিকে মুখ ঘুরিয়ে ভুটান সীমান্তের দিকে হাঁটা শুরু করে। তার গতিবিধির উপর কড়া নজর রাখছে বনকর্মীরা।এদিকে যে কোনো পরিস্থিতি মোকাবিলায় বক্সা ব্যাঘ্র প্রকল্পের ঘাগসী এলাকায় প্রস্তুত রাখা হয়েছে ৫টি কুনকি হাতি। উল্লেখ্য , ডুয়ার্স রানী শুধু একটি বাঘিনী নয়, ডুয়ার্সের মানুষের কাছে সে আবেগের নাম। এর আগেও সে আসাম চলে গিয়েছিল। সেখান থেকে তাকে ফিরিয়া আনা হয়েছে। আপাতত বনদপ্তর ডুয়ার্স রানীর গতিবিধির উপর ২৪ ঘণ্টা নজরদারি চালাচ্ছে। সে সীমান্ত পেরিয়ে ভুটানে ঢুকে পড়ে নাকি ফের বক্সার জঙ্গলে ফিরে আসে, সেদিকেই তাকিয়ে বনকর্মীরা। তবে বনদপ্তরের আধিকারিককে বারবার ফোন করার পরেও তিনি ফোন ধরেননি। বনকর্মীদের সঙ্গে তারাও রয়েছে সতর্ক অবস্থায়। যদি ডুয়ার্স রানী লোকালয়ে ঢুকে পড়ে বা ফসলের ক্ষতি করে, তাহলে কুনকি দিয়েই তাকে জঙ্গলে ফেরানোর চেষ্টা করা হবে।

নাম/পদবি পরিবর্তন

আমার নাম মো. আফাক আলম (MD AFAQ ALAM), ঠিকানা: আর/৬, বাঁকড়া পশ্চিমপাড়া, হাওড়া-৭১১৪০৩। আমার দশম শ্রেণির মার্কশিট এবং বাবার ভোটার আইডি কার্ডে আমার বাবার নাম ভুলবশত 'মো. মুস্তাক আলম' (MD MUSTAQ ALAM / Mo. MUSTAK AALAM) হিসেবে নথিভুক্ত হয়েছে। প্যান (PAN) কার্ড ও আধার (Aadhaar) কার্ড অনুযায়ী তাঁর সঠিক নাম হলো 'মো. মুশতাক আলম' (MD MUSHTAK ALAM)। এই দুটি নাম একই ব্যক্তিকে নির্দেশ করে , তাই ভবিষ্যতে তাঁর সমস্ত নথিপত্রে নাম 'মো. মুশতাক আলম' (MD MUSHTAK ALAM) হিসেবে লেখা থাকা উচিত।

কবিতা ও গল্প



লেখা পাঠানোর ঠিকানা-
eiyugkagojernouka@gmail.com

জলপাইগুড়িতে ছেলের হাতে খুন বাবা ,চাঞ্চল্য এলাকায়



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২০ নভেম্বর : জলপাইগুড়ি জেলা পুলিশের কোতোয়ালি থানার অন্তর্গত নেতাজীপাড়ায় শুক্রবার সন্ধ্যায় ছেলের হাতে বাবা খুনের ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে এদিন সন্ধ্যায় বাবা ও ছেলের মধ্যে বচসা শুরু হয়। স্থানীয় বাসিন্দারা জানান ছেলে পল লেপচা (৪৫) কিছুদিন আগেই নেশামুক্তি কেন্দ্র থেকে ছাড়া পেয়ে বাড়ি আসে। এদিন সন্ধ্যায় বাবার সাথে বচসার জেরে ছেলে পল লেপচা ছুরি নিয়ে বাবা অনিমা প্রসাদ লেপচা (৭৫) এর উপর হামলা চালায়। ছুরির আঘাতে ঘটনাস্থলেই প্রাণ হারান বাবা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কোতোয়ালি থানার পুলিশ, গ্রেপ্তার করে ছেলে পল লেপচা কে। মৃতের দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায় পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

পুলিশের অভিযানে উদ্ধার চব্বিশটি মহিষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২০ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন মাটিগাড়া থানার পুলিশ গোপন সুত্রে খবর পেয়ে শুক্রবার রাতে থানা এলাকার পরিবহন নগরে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকে তল্লাশী চালিয়ে উদ্ধার করে চব্বিশটি বিভিন্ন আকারের ও বয়সের মহিষ। ট্রাকটি দাঁড় করিয়ে চালক ও তার সহকারী আশেপাশেই ছিলো, পুলিশের অভিযান দেখে তারা সেখান থেকে সরে যায়। পুলিশ কাউকে গ্রেপ্তার করতে পারেনি। মহিষ গুলিকে পাচার এর উদ্দ্যেশ্যে কোন স্থান থেকে চুরি বা তস্করি করে নিয়ে আসা হয়েছে অনুমান করে ট্রাক সহ মহিষগুলিকে বাজেয়াপ্ত করে নিরাপদ আশ্রয়ের জন্য তুম্বাজোত পশু খামারে পাঠায় পুলিশ। মাটিগাড়া থানায় একটি মামলা দায়ের করে পলাতক চালক ও সহকারী চালকের সন্ধানে তল্লাশী চালিয়ে যাচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

উচ্ছেদ নোটিশের প্রতিবাদে ১২ ঘণ্টা বন্ধে অচল আলিপুরদুয়ার জংশন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ নভেম্বর : রেলের উচ্ছেদ নোটিশের প্রতিবাদে শুক্রবার কার্যত অচল হয়ে পড়ল আলিপুরদুয়ার জংশন। পরিবার, দোকানদার ও স্থানীয় ক্লাবগুলিকে উচ্ছেদের নোটিশ দেওয়ার প্রতিবাদে ব্যবসায়ী ও বাসিন্দারা বিক্ষোভে নামেন। সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দোকানপাট বন্ধ ছিল, বন্ধ ছিল অটো ও টোটো পরিষেবাও। ফলে স্বাভাবিক জীবন ব্যাহত হয়। বিক্ষোভকারীদের দাবি, এই আন্দোলনে প্রায় ৩ হাজার মানুষ যোগ দেন। নোটিশে রেলের জমি খালি করে ঘর ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে বলে অভিযোগ। বিক্ষোভকারীরা আলিপুরদুয়ার জংশন স্টেশনের কাছ থেকে মিছিল করে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজারের (ডিআরএম) অফিস পর্যন্ত যান। সেখানে নোটিশ প্রত্যাহার বা স্থগিত করার দাবিতে স্মারকলিপি দেন। ডিআরএম অনুপস্থিত থাকায় স্মারকলিপি গ্রহণ করেন সহকারী ডিভিশনাল ইঞ্জিনিয়ার (এডিইএন), হেডকোয়ার্টার। বিক্ষোভকারীরা বলেন, “আগামী সোমবারের মধ্যে ডিআরএমের সঙ্গে বৈঠকের দাবি জানিয়েছি। বৈঠক না হলে আগামী বৃহস্পতিবার থেকে বৃহত্তর আন্দোলনে নামব।” সংগঠনের দাবি, বহু পরিবার ৫০ থেকে ৬০ বছর ধরে এখানে বসবাস করছেন। বিকল্প বাসস্থান ছাড়া উচ্ছেদ হলে বহু পরিবার গৃহহীন হয়ে পড়বে। মানবিক দৃষ্টিভঙ্গি দিয়ে বিষয়টি দেখার আর্জি জানানো হয়েছে রেল কর্তৃপক্ষের কাছে।

হ্যামিল্টনগঞ্জ কালীপুজোর মেলায় ভয়াবহ অগ্নিকাণ্ড, পুড়ে ছাই ১২টি স্টল,ক্ষতিগ্রস্ত তিনটি বাড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২০ নভেম্বর : হ্যামিল্টনগঞ্জের ৯২তম কালীপুজোর মেলায় ভয়াবহ অগ্নিকাণ্ড। আগুনে পুড়ে সম্পূর্ণ ভস্মীভূত হয়ে গেল মেলায় আসা ১২টি স্টল এবং একটি পুরনো কাঠের বাড়ি। পাশাপাশি আগুনের গ্রাসে পড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে আরও তিনটি বাড়ি। এর মধ্যে একটি বাড়ি সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং দুটি বাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ঘটনায় ব্যাপক ক্ষতির মুখে পড়েছেন মেলার ব্যবসায়ীরা। তবে স্বস্তির খবর, অগ্নিকাণ্ডে কোনও হতাহতের ঘটনা ঘটেনি।দমকল সূত্রে জানা গিয়েছে, প্রথমে একটি পুরনো কাঠের বাড়িতে আগুন লাগে। সেখান থেকেই দ্রুত আগুন ছড়িয়ে পড়ে মেলার একের পর এক স্টলে। পরবর্তীতে আগুন ছড়িয়ে পড়ে মেলা সংলগ্ন তিনটি বাড়িতেও। খবর পেয়ে হাসিমারা, ফালাকাটা ও আলিপুরদুয়ার থেকে দমকলের মোট ছয়টি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছায়। প্রায় চার ঘণ্টার দীর্ঘ প্রচেষ্টার পর আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। অগ্নিকাণ্ডে ১২টি স্টলের ব্যবসায়ীরা সর্বস্বান্ত হয়ে পড়েছেন। আগুনের তীব্রতা এতটাই ছিল যে, ব্যবসায়ীরা নিজেদের সামগ্রী রক্ষা করার কোনও সুযোগই পাননি। সমস্ত জিনিসপত্র পুড়ে ছাই হয়ে গিয়েছে।ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান পুলিশের ডিআইজি এবং আলিপুরদুয়ারের পুলিশ সুপার অমিত কুমার সাউ। তাঁরা ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শনের পাশাপাশি ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন।দমকল আধিকারিক জানান, পুরনো কাঠের বাড়ি থেকেই আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিকভাবে জানা গিয়েছে। তবে কী কারণে আগুন লাগল, তা এখনও স্পষ্ট নয়। ঘটনার তদন্ত চলছে। পুলিশ সুপার অমিত কুমার সাউ জানান, দ্রুততার সঙ্গে দমকল ও অন্যান্য কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন। সময়মতো আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব না হলে আরও বড় বিপর্যয় ঘটতে পারত।

এই যুগ কাগজের নৌকা

21 NOVEMBER 2026 ,শনিবার

প্রেমের রঙ

মোঃ রহমত আলী
(খুলনা ,বাংলাদেশ)

কত রঙে রঙিন তুমি
ওরে রঙের রঙিলা,
তোমার প্রেমে ডুবে বাঁচে
মরে প্রেমে মজিয়া।
শত রঙে রঙিন তুমি
ওহে আমার রসিয়া,
তোমার চোখে মজে রাজা
প্রেম-ভিখারী হইয়া।
কত রঙে রঙিন তুমি
ওরে আমার জান,
তোমার প্রেমে পাগল আমি
তুমি আমার পরাণ।
শত রঙে রঙিন তুমি
আহা মধুর তোমার ঢঙ,
তোমার জন্য মনে আমার
লাগা প্রেমের রঙ।।



হেমন্তের চাঁদ

মোঃ জাবেদুল ইসলাম
(লালমনিরহাট ,বাংলাদেশ)

হেমন্তের চাঁদ উঠেছে অই
নীল আকাশের রাতে।
ঝিকিমিকি তারা জ্বলছে,
তারই সাথে সাথে।
চড়কা কাটে সুতা কাটে,
বসে চাঁদে বুড়ি।
দাদি বসে উনুন পাড়ে,
চাঁদের গল্প জুড়ি।
মেঘ এসে হঠাৎ করে,
চাঁদটা দেয ঢেকে।
গল্প এসে হাতছানি দেয়,
হেমন্তকে নেয় ডেকে।।



ছুটির ঘণ্টার গান

রিতা ফারিয়া রিচি

সকাল দুপুর পড়ার চাপ আর-
স্কুলের ওই ব্যাগ,
অঙ্ক খাতার হিসেব নিয়ে
বাড়তে থাকে রাগ!
টেবিলের ওই কোণে বসে
মনটা কেমন করে,
পাখির মতো ইচ্ছে করে
ভাসি মেঘের পরে।
ছুটির ঘণ্টা বাজবে কখন
এদিক ওদিক চায়,
সোনালী রোদ ঠিকরে পড়ে
সবুজ ঘাসের গায়।
পরীক্ষাটা চুকলে পরে
বাঁধনহারা প্রাণ,
নীল আকাশে মেলব ডানা
গাইব খুশির গান।।

মৃত্যুর প্রহর

ফারুক আহম্মেদ জীবন

আমি, এ ভবে বেঁচে থাকতে....
যদি কেউ, দেখতে চাস আমায়...
তবে, প্রাণ ভরে দেখে- নে সব একটি নজর....
আর কিন্তু, দেখতে কেউ পাবি নে আমায়।।
হঠাৎ, মরণ যদি কাছে ডেকে নেয়....
তবে,এ দেহের হবে কবর।।
বেঁচে থাকার ইচ্ছাটা গেছে মরে...
যারা, আপন ছিল দূরে সব গেছে সরে।।
আজ, আমি অপেক্ষায় দিন গুণী মৃত্যুর প্রহর
কখন আসবে আমার বিদায়ের ক্ষণ
কখন যে পাবো সে খবর।।
রক্ত মাংসে তো আমিও মানুষ
আছে মন অনুভূতি বুঝার মতো হুঁশ।।
আবেগের কাছে বিবেক পরাস্ত হয়ে গেছে মরে
তাই কখন যে এ জীবনটা যাই ঝরে...
সন্ধ্যা নিশি নাকি ভরদুপুর।।
জীবন্ত লাশ সাদৃশ্য যে এ দেহ
মৃত্যু বেশ আগেই হয়েছে জানে না কেহ।।
আজ আমার ধড়ে প্রাণহীন
এক মৃত রুহু নড়ে
কতোদিন রাখা যায় তাকে জোর করে?
ঐ- যে ডাকে আমায় গোর।।



নাটাই ঘুড়ি

কাজী নাজরিন

আমিতো কারো নাটাই ঘুড়ি নই
আমি স্বাধীন ভাবে
মুক্ত পাখির মতো
ডানা ঝাপটে দাপিয়ে বেড়ানো
পাখি হতে চাই,
নিজের মতো করে আকাশ দেখতে
এদিকওদিক ঘুরেফিরে
বাতাসের তোড়ে
নিজেকে নিজের মতো
রক্ষা করে টিকিয়ে রাখা।
নাটাই ঘুড়ি হয়ে
কারো নির্দিষ্ট উচ্চতা
কিংবা আকাশ সীমা অব্দি
না গিয়ে এক্কেবারে
নিজের মতো! হ্যাঁ,
একদম নিজের মতো ঘুরতে চাই,
নির্দিষ্ট ছকে বাঁধা রুটিন
আর ভাল্লাগে না
বেহিসেবী আহ্লাদ হতেই পারে
কম কিংবা বেশি
এক্কেবারে নিজের মতো করে হোক
কম! তবুও খুশি।।



[লেখা পাঠানোর ঠিকানা-eiyugkagojernouka@gmail.com]

উদ্ধার আটচল্লিশটি এলপিজি গ্যাস সিলিন্ডার



নিজস্ব সংবাদদাতা,এই যুগ ,কোচবিহার,২০ নভেম্বর : কোচবিহার জেলা পুলিশের পুন্ডিবাড়ি থানার পুলিশ সূত্র মারফত খবর পায় যে থানা এলাকার একটি বাড়ি থেকে বিনা লাইসেন্সে এল পি জি গ্যাস সিলিন্ডার এর কারবার চলছে। খবর পেয়ে পুলিশ শুক্রবার দুপুরে বাড়িটিতে অভিযান চালায়। অভিযানে বাড়ি থেকে উদ্ধার হয় আটচল্লিশটি এলপিজি গ্যাস সিলিন্ডার । এগুলির মধ্যে রয়েছে এইচপি কোম্পানীর পয়তাল্লিশটি বাণিজ্যিক সিলিন্ডার ও ইন্ডেন কোম্পানীর তিনটি গৃহস্থালি সিলিন্ডার। উদ্ধার করা সিলিন্ডারগুলি বাজেয়াপ্ত করে পুলিশ নিজেদের হেফাজতে নিয়ে যায়। অভিযানের আঁচ পেয়ে বাড়িতে থাকা লোকজন পালিয়ে যাওয়ায় কাউকে গ্রেপ্তার করা যায়নি। পুলিশ পলাতক ব্যক্তিদের সন্ধানে তল্লাশী চালিয়ে যাচ্ছে।

অ্যাম্বুলেন্সে করে পাচারের পথে উদ্ধার সাতশো পঁয়ত্রিশ লিটার বিদেশী মদ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ২০ নভেম্বর : সিকিম থেকে একটি অ্যাম্বুলেন্স করে বিহারে পাচারের পথে আবগারি দপ্তরের অভিযানে উদ্ধার সাতশো পঁয়ত্রিশ লিটার বিদেশী মদ, গ্রেপ্তার দুই। জানা গেছে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে আবগারি দপ্তরের কর্মীরা শুক্রবার দশ নম্বর জাতীয় সড়কে শালুগাড়াতে বেঙ্গল সাফারির সামনে অ্যাম্বুলেন্সটিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক অ্যাম্বুলেন্স থেকে উদ্ধার হয় সাতশো পঁয়ত্রিশ লিটার বিদেশী মদ যার আনুমানিক বাজার মূল্য তেরো লক্ষ সাতান্ন হাজার টাকা। গ্রেপ্তার করা হয় অ্যাম্বুলেন্স এর চালক ও সহকারী চালক কে। আবগারি দপ্তর সূত্রে জানানো হয় সিকিম থেকে অবৈধভাবে এই মদ বিহারে নিয়ে যাওয়া হচ্ছিলো। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করা হয়েছে। আবগারি দপ্তরের কর্মীরা পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

